# ইরানের শর্ত মেনেই আলোচনায় বসতে চাইছে যুক্তরাষ্ট্র: আরাঘচি



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ইরানের ওপর যুদ্ধ চাপিয়ে দিয়ে আত্মসমর্পণে বাধ্য করতে চেয়েছিল বলে জানিয়েছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। তবে তেহরান সেই চাপের কাছে নতি স্বীকার করেনি। বরং এখন ইরানের শর্ত মেনেই যুক্তরাষ্ট্র আলোচনায় বসতে চাইছে বলে জানিয়েছেন তিনি।

সোমবার (১৭ আগস্ট) ফক্স নিউজের এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়।

আরাঘচি বলেন, যুদ্ধের শুরুতে ওয়াশিংটনের উদ্দেশ্য ছিল ইরানকে চাপে ফেলে আত্মসমর্পণে বাধ্য করা। কিন্তু তেহরান দৃঢ়ভাবে সেই পরিস্থিতি মোকাবিলা করেছে এবং নিজেদের অবস্থান ধরে রেখেছে।

যুক্তরাষ্ট্রের সঙ্গে করা সমঝোতা স্মারক নিয়েও কথা বলেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, সমঝোতার ১৪টি ধারার মধ্যে ১৩টিই ইরানের স্বার্থের অনুকূলে রয়েছে। বিপরীতে মাত্র একটি ধারা যুক্তরাষ্ট্রের পক্ষে রয়েছে। এই সমঝোতা বাস্তবায়ন বাধাগ্রস্ত করতে ইসরায়েল নানা ধরনের তৎপরতা চালিয়ে যাচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

আরাঘচি বলেন, যুদ্ধক্ষেত্রে ইরানের সাফল্য কূটনীতির ময়দানেও প্রভাব ফেলেছে। সামরিক সক্ষমতার কারণে আলোচনার টেবিলে তেহরান শক্ত অবস্থান নিতে পেরেছে এবং প্রতিপক্ষকে ইরানের শর্ত মেনে নেওয়ার পথে আনতে সক্ষম হয়েছে।

তিনি আরও বলেন, সামরিক ও কূটনৈতিক দুই ক্ষেত্রেই ইরান নিজেদের সক্ষমতা দেখিয়েছে।

LENS ASIA